হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩৩ ঃ মেহেরপুর-শনিবার ১৫ নভেম্বর ২০২৫ ইং ঃ ৩০ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২৩ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjoday.com



অপেশাদারিত্ব নিয়ে ক্ষুব্ধ শাবনূর -পৃষ্ঠা-৩

-পৃষ্ঠা-৩

## চাঁদা না দিলে ভিডিও ভাইরালের হুমকি–শেষে ধর্ষণ, গ্রেপ্তার দুই

### মেহেরপুরে কলেজ ছাত্রী নির্যাতনে তোলপাড়, পলাতক আরেক যুবকের খোঁজে পুলিশ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে কলেজছাত্রীকে গণধর্ষণের অভিযোগে দুই যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার সন্ধ্যায় রাজাপুর গ্রামের নির্জন আমবাগানে ঘটে ন্যক্কারজনক ঘটনাটি। গ্রেপ্তার হওয়া দুজন হলেন–আফতাব আলীর ছেলে আশরাফুল ইসলাম (২৫) এবং জুমাত আলীর ছেলে রাকিবুল ইসলাম (২৪)। অপর অভিযুক্ত নজরুল ইসলামের ছেলে মিনারুল ইসলাম (২৬) এখনও পলাতক। তাকে ধরতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।



মামলা সূত্রে জানা যায়, বুধবার (১২ নভেম্বর) বিকালে মেহেরপুর সরকারি মহিলা কলেজের এইচএসসি দ্বিতীয় বর্ষের ছাত্রী তার প্রেমিক–সরকারি কলেজের অনার্সের ছাত্রের সঙ্গে মোটরসাইকেলযোগে ঘুরে বেড়াচ্ছিলেন। সন্ধ্যার পরে তারা সদর উপজেলার রাজাপুর গ্রামের মাঠের রাস্তা দিয়ে ফিরছিলেন। এসময় তিন যুবক হঠাৎ তাদের মোটরসাইকেলের গতিরোধ করে দাঁড় করিয়ে দেয়। এরপর তাদের গলায় ধারালো অস্ত্র ঠেকিয়ে জোরপূর্বক ইউপি সদস্য চঞ্চলের ভাটার পিছনে অবস্থিত একটি নির্জন আমবাগানে নিয়ে যাওয়া হয়। এলাকাটি বেশ জনমানবশূন্য হওয়ায় প্রতিরোধ করার সুযোগ ছিল না। ছাত্রী ও তার প্রেমিককে আড়ালে নিয়ে গিয়ে তিন অভিযুক্ত ২০ হাজার টাকা চাঁদা দাবি করে। টাকা না দিলে তাদের বিবস্ত্র করে ভিডিও ধারণ করে তা সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ার হুমকি দেয়। এমন পরিস্থিতিতে ভয়ে প্রেমিককে টাকা আনতে শহরে যেতে বাধ্য করা হয়। প্রেমিক শহরে টাকা জোগাড় করতে যায়। কিন্তু সেই সময়েই ঘটে ভয়াবহ ঘটনা। মেয়েটি জানায়, প্রেমিক চলে যাওয়ার পর তিন যুবক তাকে জোরপূর্বক ধর্ষণ করে। শারীরিক নির্যাতনের এক পর্যায়ে সে অসুস্থ

২-এর পৃষ্ঠা দেখুন

## দিল্লি যাচ্ছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের আমন্ত্রণে দু'দিনের সফরে দিল্লি যাচ্ছেন। সফরটি আগামী ১৯ নভেম্বর শুরু হবে। খলিলুর রহমান ভারত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের সম্মেলনে অংশ নেবেন। এছাড়া সম্মেলনের ফাঁকে বাংলাদেশ ও ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে এ বৈঠক নিশ্চিত কি না, তা এখনো স্পষ্ট নয়। বাংলাদেশের পরিবর্তনশীল ও অস্থির রাজনৈতিক পরিস্থিতি বিবেচনায় দুই দেশের গুরুত্বপূর্ণ নীতিনির্ধারকরা সরাসরি আলোচনায় আগ্রহী। ফলে সংক্ষিপ্ত দ্বিপাক্ষিক বৈঠকের সম্ভাবনা পুরোপুরি উড়িয়ে দেওয়া যাচ্ছে না। গত বছরের আগস্টে অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর এটি হবে দ্বিতীয়

২-এর পৃষ্ঠা দেখুন



## কাজিপুর সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে ১২ বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে নারী-পুরুষ ও শিশুসহ ১২ জন বাংলাদেশিকে ফেরত দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।গতকাল শুক্রবার (১৪ নভেম্বর) সকাল সাড়ে ১১টার দিকে আন্তর্জাতিক সীমান্তের ১৪৭ নম্বর পিলার এলাকার ভেতরে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। বিজিবি সূত্রে জানা যায়, কাজিপুর বিওপি আওতাধীন সীমান্তের প্রায় ১০০ গজ অভ্যন্তরে অনুষ্ঠিত এ বৈঠকে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বৈঠক শেষে বিএসএফ আটক ১২ বাংলাদেশিকে বিজিবির কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে। হস্তান্তর হওয়া ব্যক্তিদের বাড়ি খুলনা, রাজবাড়ী, সিরাজগঞ্জ, বাগেরহাট ও কুষ্টিয়া জেলার বিভিন্ন স্থানে। তারা দালালের মাধ্যমে বিভি-ন্ন সময় অবৈধভাবে ভারতের উদ্দেশে সীমান্ত অতিক্রমের চেষ্টা করলে ভারতীয় পুলিশ তাদের আটক করে। পরে আইনি প্রক্রিয়া শেষে বিএসএফ তাদের বিজিবির কাছে হস্তান্তর করে। ফেরত আসা ব্যক্তিরা হলেন– খুলনার বটিয়াঘাটা উপজেলার আমিরপুর এলাকার মৃত আরমান আলীর ছেলে সাহেব আলী (৫১); খুলনা সদর উপজেলার বাগমারা মেইন রোড এলাকার ফজলে রাব্বি (৪২);

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতের বিক্ষোভ মিছিল: নির্বাচনের আগে গণভোটসহ পাঁচ দফা দাবি

নিজস্ব প্রতিবেদক

জুলাইয়ের জাতীয় সনদ বাস্তবায়নের আদেশ জারি এবং জাতীয় নির্বাচনের পূর্বে গণভোট আয়োজনসহ পাঁচ দফা দাবিতে মেহেরপুর জেলা জামায়াতে ইসলামী বিক্ষোভ মিছিল করেছে। শুক্রবার বিকেল সাড়ে ৪টার দিকে শহরের কোর্ট চত্বর থেকে মিছিলটি শুরু হয়ে প্রধান সড়কগুলো প্রদক্ষিণ শেষে কাথুলী বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে প্রধান শিক্ষক ও শিক্ষার্থীর অনৈতিক ভিডিও ফাঁস: এলাকায় ক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা এইচ বি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদ ও দশম শ্রেণীর এক শিক্ষার্থীর মধ্যে ভিডিও কলে অনৈতিক ঘনিষ্ঠতার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। এ ঘটনার পর বিদ্যালয়সহ পুরো এলাকায় তীব্র নিন্দা ও ক্ষোভের সৃষ্টি হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, ভিডিওটি প্রকাশের পর থেকেই বিদ্যালয় এলাকায় ব্যাপক চাঞ্চল্য দেখা দেয়। স্থানীয়রা বলছেন, একজন প্রধান শিক্ষক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর-২ (গাংনী): শাপলা কলি প্রতীকে মনোনয়ন পেলেন সাকিল আহমেদ

### "রাজনীতি মানে সুযোগ নয়, দায়িত্ব; মানুষের পাশে থাকাই আমার অঙ্গীকার"

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-২ (গাংনী) আসনে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক অ্যাডভোকেট সাকিল আহমেদ শাপলা কলি

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় বিএনপির কার্যালয়ের সামনে ককটেল সদৃশ বস্তু উদ্ধার

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার তিতুদহ ইউনিয়ন বিএনপির অস্থায়ী কার্যালয়ের সামনে থেকে ককটেল সদৃশ বস্তু উদ্ধার করেছে পুলিশ। শুক্রবার (১৪ নভেম্বর) দুপুর ১২টার দিকে এগুলো উদ্ধার করা হয়। উদ্ধারকৃত বোমা সদৃশ বস্তুগুলো বালিতে রাখা হয়েছে। এগুলো নিষ্ক্রিয় করতে রাজশাহী থেকে র?্যাবের বোমা ডিসপোজাল টিম আসছে। স্থানীয়রা জানান, বৃহস্পতিবার রাতে বোমা সদৃশ বস্তু দেখে পুলিশে খবর দেয়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পুরো এলাকায় ঘিরে রাখে। পরবর্তীতে শুক্রবার দুপুরে

২-এর পৃষ্ঠা দেখুন

## ৪ দিনের ব্যবধানে মেহেরপুরে আবারও জেলা প্রশাসক বদল

নিজস্ব প্রতিবেদক



মাত্র ৪ দিনের ব্যবধানে আবারও বদলে গেল মেহেরপুরের জেলা প্রশাসক (ডিসি)। নতুন করে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টার একান্ত সচিব সৈয়দ এনামুল কবিরকে মেহেরপুরের জেলা প্রশাসক হিসেবে পদায়ন করেছে সরকার। বৃহস্পতিবার রাত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য নিশ্চিত করা হয়। এর আগে গত ৯ নভেম্বর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব লুৎফুন নাহারকে মেহেরপুরের জেলা প্রশাসক হিসেবে পদায়ন করা হয়েছিল। তবে তিনি দায়িত্ব গ্রহণের আগেই তার সে পদায়ন বাতিল করে নতুন এই নিয়োগ দেওয়া হলো। এদিকে মেহেরপুরের বিদায়ী জেলা প্রশাসক ড. মোহাম্মদ আব্দুল ছালাম বুধবার তার শেষ কর্মদিবস সম্পন্ন করেছেন। জেলা প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে বিদায়ী মুহূর্তে

২-এর পৃষ্ঠা দেখুন



## নুসরাত তাবাসসুম এবার কুষ্টিয়া-১ লড়বেন

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে শাপলা কলি প্রতীকে দলীয় মনোনয়ন পেয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর যুগ্ম আহ্বায়ক নুসরাত তাবাসসুম। শুক্রবার নিজের ফেসবুক আইডিতে দেওয়া পোস্টে তিনি বিষয়টি নিশ্চিত করেছেন। ফেসবুক পোস্টে নুসরাত তাবাসসুম জানান, প্রায় সাত-আট বছর ধরে সরাসরি রাজনীতিতে সক্রিয়

২-এর পৃষ্ঠা দেখুন

## বিচারকদের দুই দফা দাবি না মানলে রোববার থেকে কলমবিরতি

সূর্যোদয় প্রতিবেদন

দেশের সব আদালত, বিচারকের বাসস্থান এবং যাতায়াতের সময় পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতসহ দুই দফা দাবি জানিয়েছে বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস অ্যাসোসিয়েশন। আগামী ৪৮ ঘণ্টার মধ্যে দাবি পূরণ না হলে রোববার থেকে সারাদেশের বিচারকরা একযোগে কলমবিরতি পালন করবেন বলে সংগঠনটির পক্ষ থেকে ঘোষণা দেওয়া হয়েছে। শুক্রবার অ্যাসোসিয়েশনের সভাপতি মো. আমিরুল ইসলাম এবং মহাসচিব মুহাম্মদ মাজহারুল ইসলাম স্বাক্ষরিত এক বিবৃতিতে এ আল্টিমেটাম জানানো হয়। বিবৃতিতে বলা হয়, রাজশাহীতে জেলা জজ মোহাম্মদ আবদুর

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনী করমদি ভ্রমরদহে অবৈধ মাটি উত্তোলনে সড়ক ধসে যাওয়ার আশঙ্কা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি ভ্রমরদহ এলাকায় স্থানীয় খালের পাশ থেকে থেকে মাটি তুলে নিয়ে যাচ্ছে প্রভাবশালীরা। এলাকাবাসীর অভিযোগ, এই কাজের কারণে ইতিমধ্যেই ২০-৩০টি বড়-ছোট গাছ পড়ে গেছে। স্থানীয়রা উদ্বেগ প্রকাশ করছেন, যদি এভাবে মাটি উত্তোলন অব্যাহত থাকে, তবে আগামী বর্ষা মৌসুমে সড়ক ভেঙ্গে পড়বে। এলাকাবাসী জানায়, খাল ও আশেপাশের মাটি উত্তোলনের কারণে শুধু পরিবেশ ও গাছপালা ক্ষতিগ্রস্ত হচ্ছে না, বরং

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় শীতের তীব্রতা, দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা জেলা এখন শীতের তীব্রতার কারণে কাঁপছে। আজ শুক্রবার সকাল ৯টায় জেলার তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ ডিগ্রি সেলসিয়াস, যা দেশেরও আজকের সর্বনিম্ন। এই মৌসুমে জেলায় এটিই এখন পর্যন্ত সর্বনিম্ন তাপমাত্রা। ঠান্ডা হঠাৎ বেড়ে যাওয়ায় ভোর, সকাল ও রাতের সময় কড়া শীত অনুভূত হচ্ছে। ভোরে কুয়াশা নেমে আসে চারপাশে, আর শিশিরে ভিজে যায় ফসলের মাঠ ও ঘাস। সকাল ও সন্ধ্যায় মানুষ ঘর থেকে বের হওয়ার সময় গরম কাপড় ব্যবহার করছেন। দিনের বেলায় রোদ কিছুটা উষ্ণতা দেয়, তবে রাত ও ভোরের শীত আরও তীব্র। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, সাময়িকভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশে আবহাওয়া শুষ্ক থাকতে পারে। রাত ও দিনের তাপমাত্রা মূলত অপরিবর্তিত থাকবে। উত্তর-পশ্চিম দিক থেকে আসা ঠান্ডা বাতাসের কারণে তাপমাত্রা দ্রুত কমছে। আগামী কয়েক দিনে রাতের তাপমাত্রা আরও কিছুটা কমার সম্ভাবনা রয়েছে। চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের জ্যেষ্ঠ পর্যবেক্ষক রাকিবুল হাসান জানিয়েছেন, আজ

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর:(নির্বাচনের দিন?ই গণভোট জাতির উদ্দেশ্যে প্রধান উপদেষ্টা)

গণ ভোট কেন এখন
কি কারনে হবে
জাতি আছে ধোঁয়াশায়
জানে কি তা লোকে।
প্রচার প্রচারণা কিছুই নাই
কেমন একটা জিনিস
শুনছে নাকি দুই ভোট
একদিনেই হবে ফিনিশ।
ভোট যদি হয়েই যায়
লাভ হবে কি ছাই
সরকার গঠন করবে যে দল
মানবে কি আর তাই।
আমরা যদি না মানি তা
কেমনে হবে ভোট
দেখছি এখন দলগুলি সব
বাঁধছে সবাই জোট ।



## স্বপ্নছুঁই শিশু পার্কে ফটোস্ট্যান্ড উদ্বোধন ও চারা রোপণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় অবস্থিত স্বপ্নছুঁই শিশু পার্কে শুক্রবার বিকেলে ফটোস্ট্যান্ডের উদ্বোধন এবং গাছের চারা রোপণ করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম, যিনি পার্কের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমও পরিদর্শন করেন। অনুষ্ঠানে উপস্থিত

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচন ছাড়া ছোটখাটো বিষয়ে সময় নষ্টের প্রয়োজন নেই: আমীর খসরু

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, দেশের মানুষ এখন একটি উৎসবমুখর সুষ্ঠু নির্বাচনের প্রত্যাশায় রয়েছে। নির্বাচন ছাড়া ছোটখাটো বিষয় নিয়ে সময় নষ্ট করার কোনো প্রয়োজন নেই। শুক্রবার (১৪ নভেম্বর) দুপুরে চট্টগ্রামের হোটেল পেনিনসুলায় একটি অনুষ্ঠানের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব মন্তব্য করেন। আমীর খসরু বলেন, "বাংলাদেশের মানুষের সবচেয়ে বড় চাহিদা হলো একটি গণতান্ত্রিক অর্ডার ফিরিয়ে আনা,

২-এর পৃষ্ঠা দেখুন

## ক্যাপ্টেন আবু মোহাম্মদ সালেহ শুভ: সমুদ্রের স্রোতে গড়ে ওঠা নাবিক

মুহম্মদ মহসীন

মেহেরপুরের কৃতী সন্তান ক্যাপ্টেন আবু মোহাম্মদ সালেহ শুভ ২০০৩ সাল থেকে সমুদ্রকে বন্ধু ও জীবনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গ্রহণ করেছেন। জীবনের শুরু থেকে তিনি নিজেকে গড়ে তুলেছেন ঢেউয়ের সংঘর্ষে, প্রবল স্রোত ও ঘূর্ণিঝড়ের মুখোমুখি থেকে। শুভের নাবিক জীবন শুরু হয় বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম থেকে পাসিং আউটের মাধ্যমে। এরপর তিনি ডেক ক্যাডেট হিসেবে কর্মজীবন শুরু করেন। পেশার প্রতি নিষ্ঠা ও অধ্যবসায়ের মাধ্যমে ১০ বছরের অভিজ্ঞতার পর ২০২২ সালে তিনি ক্যাপ্টেন পদে উন্নীত হন এবং বিভিন্ন দেশের পতাকাবাহী জাহাজে প্রধান হিসেবে দায়িত্ব পালন



২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর ॥ শনিবার ॥ ৩০ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ১৫ নভেম্বর ২০২৫ইং

# কার্যক্রম স্থগিত, নির্বাচনে অংশ নিতে পারবে না আ. লীগ – প্রধান উপদেষ্টা



সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তিনি জানান, সন্ত্রাসবিরোধী আইনের অধীনে দলটির কার্যক্রম স্থগিত থাকায় আওয়ামী লীগ এবার জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না। নির্বাচন কমিশন ইতোমধ্যে দলটিকে নিবন্ধিত রাজনৈতিক দলের তালিকা থেকেও বাদ দিয়েছে। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়নবিষয়ক মন্ত্রী ব্যারোনেস জেনি চ্যাপম্যানের সঙ্গে বৈঠকে তিনি এ মন্তব্য করেন। বৈঠকে জাতীয় নির্বাচন, অবৈধ অভিবাসন রোধ, দ্বিপক্ষীয় বাণিজ্য, রোহিঙ্গা সংকট এবং বিমান-নৌ খাতে সহযোগিতা জোরদারসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। প্রধান উপদেষ্টা বলেন, "নির্বাচন নির্ধারিত

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## রান্নায় কিভাবে রসুন মেশালে মিলবে বেশি উপকার

সূর্যোদয় প্রতিবেদক

রান্নায় রসুন ব্যবহার করলে সেই খাবারের স্বাদই আলাদা হয়। আর শীতে রসুনের ব্যবহার একটু বেশিই বেড়ে যায়। শরীরকে গরম রাখা থেকে শুরু করে সংক্রমণের ঝুঁকি কমাতে সাহায্য করে রসুন। কিন্তু রান্নায় রসুন ব্যবহারের সঠিক নিয়ম কি আপনার জানা আছে? কেউ রসুন বেটে মসলায় মেশান, আবার কেউ রসুন কুচি তেলে ভাজেন। কিন্তু রসুনের উপকারিতা তখনই মেলে, যদি সঠিক উপায়ে এটি ব্যবহার করেন। রসুনের সমস্ত উপকারিতা পাওয়া যায় অ্যালিসিনের জন্য। অ্যালিসিন হলো এমন একটি যৌগ, যা শরীরে একাধিক উপকারিতা এনে দেয়। কিন্তু এই যৌগটি সহজেই তৈরি হয় না। রসুনের মধ্যে অ্যালিনেজ নামের এনজাইম এবং অ্যালিন নামের প্রোটিন মিলে অ্যালিসিন তৈরি হয়। কিন্তু এর জন্য অ্যালিনেজ ও অ্যালিনকে বায়ুর সংস্পর্শে আসতে হবে। অর্থাৎ, গোটা রসুন রান্নায় মেশালে

৩-এর পৃষ্ঠা দেখুন



## নারীদের বাদ দিয়ে দেশের উন্নয়ন সম্ভব নয়: সেনাপ্রধান

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বলেছেন, দেশের মোট জনসংখ্যার অর্ধেকই নারী; তাই নারীদের বাদ দিয়ে উন্নয়নের চিন্তা করা হলে তা হবে বড় ভুল। দেশের অগ্রযাত্রায় নারীদের সম্পৃক্ততা এবং তাদের দক্ষতা উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেও তিনি উল্লেখ করেন। শুক্রবার বেলা ১১টার দিকে জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেটদের প্রথম পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সেনাপ্রধান এসব কথা বলেন। তিন দিনব্যাপী আয়োজিত পুনর্মিলনী অনুষ্ঠানের এটি ছিল দ্বিতীয় দিন। জেনারেল ওয়াকার-উজ-জামান বলেন, "নারীরা যেন দক্ষভাবে গড়ে উঠতে পারে, সে জন্য শিক্ষা-প্রশিক্ষণের পাশাপাশি সুযোগ সৃষ্টি করতে হবে। বিভিন্ন ক্ষেত্রে আমরা নারীর নেতৃত্ব ও ক্ষমতায়ন চাই। নারীরা তাদের

৩-এর পৃষ্ঠা দেখুন

## সরকার ফাঁদে পা দিয়েছে: জামায়াত নেতা তাহের

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টার সাম্প্রতিক ভাষণে ঐকমত্য কমিশনের সুপারিশ বাস্তবায়ন না হয়ে একটি বিশেষ রাজনৈতিক দলের স্বার্থকে প্রাধান্য দেওয়া হয়েছে–এমন অভিযোগ করেছেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। তিনি বলেন, সরকারের এই অবস্থান "একটি পরিকল্পিত ফাঁদের মধ্যে পতন"। শুক্রবার (১৪ নভেম্বর) সকালে রাজধানীর মগবাজারে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে প্রধান উপদেষ্টার ভাষণের প্রতিক্রিয়ায় আয়োজিত সংবাদ সম্মেলনে এসব মন্তব্য করেন তিনি। সংবাদ সম্মেলনে জামায়াতে ইসলামীসহ আন্দোলনরত আটটি দল যৌথ প্রতিক্রিয়া উপস্থাপন করে। ডা. তাহের অভিযোগ করেন, জুলাই সনদ বাস্তবায়নের বাধ্যবাধকতাই প্রধান উপদেষ্টার ভাষণে

৩-এর পৃষ্ঠা দেখুন



## সত্য সন্ধ ক্লাবের ফুটবল টুর্নামেন্টে শেহালা মিতালী ক্লাব চ্যাম্পিয়ন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া সত্য সন্ধ ক্লাবের উদ্যোগে মাঠে অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্টে শেহালা মিতালী ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে।

শুক্রবার বিকেলে অনুষ্ঠিত ফাইনাল খেলায় মিতালী ক্লাব ২-০ গোলে লুংসিং কোম্পানিকে পরাজিত করে। প্রথমার্ধের ২৫ মিনিটে গাজী গোল করে মিতালীকে এগিয়ে নেন। দ্বিতীয়ার্ধের শুরুতেই (৫ মিনিটে) সোহান বামপ্রান্ত থেকে ৩ মিটার দূর থেকে শর্ট গোল করে ব্যবধান দ্বিগুণ করেন। লুংসিং কোম্পানি ৩৩ মিনিটে পেনাল্টি পাওয়া সত্ত্বেও গোল করতে ব্যর্থ হয়। খেলায় বিজয়ী দলের গাজী ম্যান অব দ্যা ম্যাচ, সোহান ম্যান অব দ্যা টুর্নামেন্ট এবং ফয়সাল সেরা গোলরক্ষকের পুরস্কার পান। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন টুর্নামেন্ট কমিটির আহবায়ক মতিউর রহমান, সদস্য সচিব আজমাইন হোসেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

## নাজমুল হোসেন শান্ত: নেতৃত্ব ছাড়ার কঠিন সময় পেরিয়ে আবার সফল

সূর্যোদয় প্রতিবেদন

হঠাৎ ওয়ানডে নেতৃত্ব হারানোর পর টেস্ট ক্রিকেটের অধিনায়কত্বও ছেড়ে দিয়েছিলেন নাজমুল হোসেন শান্ত। তবে আয়ারল্যান্ড সিরিজে ফের তাকে নেতৃত্বে আনা হয়েছে এবং প্রথম টেস্টেই দলকে ইনিংস ব্যবধানে জিতিয়েছেন, সাথে নিজে সেঞ্চুরি করেছেন। যদিও সেই মাঝের সময়টি শান্তের জন্য কঠিন ছিল। শান্ত শুক্রবার (১৪ নভেম্বর) সিলেটে সংবাদ সম্মেলনে বলেন, "প্রথম কিছুদিন সত্যিই কঠিন ছিল। কিন্তু এরপর ধীরে ধীরে রিল্যাক্স হয়ে পুরো সময়টা উপভোগ করেছি। নিজেকে সময় দিয়েছি, পরিবারের সঙ্গে সময় কাটিয়েছি, পাশাপাশি ক্রিকেটের দক্ষতা ও মানসিকতাকে আরও উন্নত করার চেষ্টা করেছি। ওই সময়টা আমার খুব ভালো কেটেছে।" ২০২৪ সালে তিন সংস্করণে অধিনায়কত্ব পাওয়া শান্তকে সমালোচনার মুখে

৩-এর পৃষ্ঠা দেখুন



## গণভোটে সংবিধান সংশোধন হবে না: সালাহউদ্দিন আহমদ

সূর্যোদয় প্রতিবেদন

গণভোট আয়োজন মানেই সংবিধান সংশোধন সম্পন্ন–এ ধারণা সঠিক নয় বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, বাংলাদেশে সংবিধান সংশোধন কিংবা নতুন আইন প্রণয়নের একমাত্র পথ হলো জাতীয় সংসদ, যা দেশের একমাত্র সার্বভৌম প্রতিষ্ঠান। গণভোট কোনো অবস্থাতেই সংসদের সিদ্ধান্তের বিকল্প নয়। শুক্রবার রাজধানীর শাহবাগে আয়োজিত 'নারীর ওপর ক্রমবর্ধমান সহিংসতা ও অসম্মান: প্রতিরোধে প্রস্তুত সচেতন নারী সমাজ' শীর্ষক মৌন মিছিলের আগে সমাবেশে তিনি এসব কথা বলেন। নারী ও শিশু অধিকার ফোরাম এ কর্মসূচির আয়োজন করে, যা বিএনপির মিডিয়া সেলের ফেসবুক পেজে সরাসরি সম্প্রচারিত হয়। সালাহউদ্দিন আহমদ বলেন, "কেবল গণভোটের মাধ্যমে সংবিধান

৩-এর পৃষ্ঠা দেখুন



## যুক্তরাষ্ট্রের 'গাজা পরিকল্পনা'র মধ্যেই জাতিসংঘে রাশিয়ার পাল্টা প্রস্তাব

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের গাজা পরিকল্পনার সমর্থনে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে পৃথক প্রস্তাব পাস করানোর উদ্যোগ নিয়েছে যুক্তরাষ্ট্র। এমন এক সময়ে রাশিয়া নিরাপত্তা পরিষদে নতুন একটি বিকল্প খসড়া জমা দিয়েছে, যা ওয়াশিংটনের প্রস্তাবের 'পাল্টা

৩-এর পৃষ্ঠা দেখুন



## ইসলামাবাদে আত্মঘাতী হামলা টিটিপিসম্পৃক্ত ৪ জন গ্রেফতার

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে আত্মঘাতী বোমা হামলার ঘটনায় তেহরিকুইতালেবান পাকিস্তান (টিটিপি)সম্পৃক্ত চারজনকে গ্রেফতার করেছে নিরাপত্তা বাহিনী। শুক্রবার (১৪ নভেম্বর) সরকারের পক্ষ থেকে জানানো হয়, হামলাটি আফগানিস্তানভিত্তিক উচ্চপর্যায়ের কমান্ড

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রায় ৭৫০ বছরের ঐতিহ্য মন্ডিত তাওহিদ ও শিরক, সুন্নাত ও বিদয়াতের পার্থক্যকারী বিশ্ব মুসলিম ঐক্যের প্রতীক
দরবারে ফুরফুরার
মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহ্হার সিদ্দিকী আল কোরাইশী (রহ.) কর্তৃক প্রতিষ্ঠিত জমিয়তুল মুসলিমীন হিযবুল্লাহ, মেহেরপুর জেলা মারকাজের উদ্যোগে
বার্ষিক ওয়াজ মাহফিল ও ইসালে-সাওয়াব
তারিখঃ ২২ নভেম্বর'২৫ ইং
রোজঃ শনিবার সময়ঃ বাদ আছর
স্থানঃ দারুর-রহমত খানকায়ে ফুরফুরা
মেহেরপুর জেলা মারকাজ, রহমতপুর (দফরপুর)
(মেহেরপুর-মহাজনপুর রোডে রায়পুর ও কোলা গ্রামের মাঝে)
তাশরীফ আনবেন
মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহহার সিদ্দিকী আল কোরাইশী (রহঃ)-এর সুযোগ্য ছোট সাহেবজাদা
শাহ্ ফতেহ্ আলী মুহাম্মাদ আয়াতুল্লাহ্ সিদ্দিকী আল-কোরাইশী
ওয়াজ করবেন ঃ
বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ
হযরত মাওঃ আওয়াবুল্লাহ্ ইব্রাহিম
অধ্যক্ষ, পাংশা সিদ্দিকিয়া ফাজিল মাদরাসা, রাজবাড়ী।
হযরত মাওঃ মোঃ আব্দুল খালেক
মুয়াল্লিম, পাকশী ফুরফুরা দরবার
হযরত মাওঃ মোঃ আবুল কালাম
চৌগাছা, যশোর
আরো ওয়াজ করবেন পীর সাহেব হুজুরের সফরসঙ্গী, স্থানীয় ওলামায়ে কেরাম ও মুবাল্লিগগণ।
পরিচালনা করবেনঃ আলহাজ্ব হযরত মাওঃ আক্কাচ আলী প্রবীণ খলিফা, ফুরফুরা শরীফ
দলমত নির্বিশেষে উক্ত মাহফিলে যোগদান করে দোজাহানের খায়ের ও বরকত লাভ করুন।
এন্তেজামেঃ মেহেরপুর জেলা মারকাজ কমিটি, রহমতপুর, মেহেরপুর।
১৫ ডিসেম্বর থেকে অত্র মাদরাসায় ভর্তি শুরু হবে
মনে রাখবেন: ফুরফুরা দরবার ঢাকা দারুস সালামে আগামী ৩০, ৩১ ডিসেম্বর ২০২৫ ও ১, ২ জানুয়ারী ২০২৬ ওয়াজ মাহফিল ও ইসালে সাওয়াব অনুষ্ঠিত হবে।


জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## এআই সংগীত জগতে ইউডিও বিপর্যয়: এক নতুন যুগের সূচনা

সূর্যোদয় প্রতিবেদক

এআই সংগীতের দুনিয়ায় অক্টোবরে ঘটে গেল এক নজিরবিহীন ঘটনা। জনপ্রিয় এআই মিউজিক জেনারেটর ইউডিও হঠাৎ করে গান ডাউনলোড বন্ধ করে দেওয়ায় লক্ষ লক্ষ ক্রিয়েটর রাতারাতি নিজেদের তৈরি সংগীতের অধিকার হারালেন। এটি কেবল একটি প্রযুক্তিগত সিদ্ধান্ত নয়; বরং এআই সংগীত শিল্পের জন্য এক ঐতিহাসিক বাঁক, যা ভবিষ্যতের নিয়মকাঠামো কেমন হবে–তার কঠিন পূর্বাভাস তুলে ধরেছে। বিষয়টির সূত্রপাত ২০২৪ সালে, যখন যুক্তরাষ্ট্রের রেকর্ডিং ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (আরআইএ) ইউনিভার্সাল, সোনি ও ওয়ার্নারের পক্ষে দাঁড়িয়ে ইউডিও এবং সুনোর বিরুদ্ধে কপিরাইট মামলা করে। অভিযোগ ছিল–অসংখ্য কপিরাইটযুক্ত গান থেকে অনুমতি ছাড়াই ডেটা সংগ্রহ করে এআই মডেল প্রশিক্ষিত করা হয়েছে। দীর্ঘ টানাপোড়েনের পর ২৯ অক্টোবর ২০২৫-এ ইউডিও ও




৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ই.সি.জি (কম্পিউটারাইজড) এক্স-রে আল্ট্রাসনোগ্রাফি হরমন এনালাইসিস সকল প্রকার প্যাথলজি পরীক্ষা মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে
কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শনিবার, ১৫ নভেম্বর ২০২৫ ইং

## গাংনীর রাজনীতি–অভিযোগের বৃত্ত ভেঙে দায়িত্বশীলতার দিকে

গাংনীতে বিএনপির তেঁতুলবাড়িয়া ইউনিয়নের সভায় সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলুর বক্তব্য রাজনীতির মাঠে নতুন আলোচনার জন্ম দিয়েছে। অনলাইন জুয়ার সঙ্গে সংশ্লিষ্ট একজন ব্যক্তির মাধ্যমে দলীয় প্রার্থীকে অস্থিতিশীল করার অভিযোগ–এটি নিছক কোনো ব্যক্তিগত ক্ষোভ নয়; বরং স্থানীয় রাজনীতির ভেতরে ক্রমবর্ধমান অস্বচ্ছতার বার্তা দেয়। দীর্ঘদিনের ত্যাগী ও পরীক্ষিত নেতাদের বাদ দিয়ে নতুন কমিটি ঘোষণার পর থেকে দলীয় ভেতরে অসন্তোষ রয়েছে–বাবলুর বক্তব্য থেকে সেটি স্পষ্ট। এমন পরিস্থিতিতে যদি সত্যিই বহিরাগত স্বার্থ বা অনৈতিক উৎসের অর্থ রাজনীতিতে প্রভাব ফেলতে শুরু করে থাকে, তবে তা শুধু বিএনপির সংগঠনগত দুর্বলতাই নয়; জনআস্থার জন্যও হুমকি। গাড়াবাড়িয়া গ্রামের সাজ্জাদ হোসেন পলাশের পরিচয় ঘিরে বাবলুর অভিযোগ–ঢাকায় আওয়ামী লীগ, মেহেরপুরে জামায়াত, আর এলাকায় বিএনপির পরিচয়ে চলাচল–এটি রাজনৈতিক চরিত্রের একটি ভয়াবহ অস্পষ্টতা তুলে ধরে। রাজনৈতিক পরিচয়ের এই তরলতা প্রমাণ করে, ব্যক্তিস্বার্থে যারা দল বদলায় তারা গণতন্ত্র নয়, কেবল সুবিধাবাদকেই শক্তিশালী করে। বক্তব্যে বাবলু গণমাধ্যমকেও সতর্ক করেছেন "অপসাংবাদিকতা" না করতে। আসলে সাংবাদিকতা কখনোই নেতার বক্তব্য অন্ধভাবে প্রচার করা নয়; বরং তথ্য যাচাই করে সত্য তুলে ধরা। তাই দায়িত্বশীল সংবাদই পারে বিভ্রান্তি, উসকানি ও অনৈতিক তৎপরতা থেকে রাজনৈতিক পরিবেশকে দূরে রাখতে। গাংনীর রাজনীতি এখন দ্বিধাবিভক্তি, অভিযোগ আর পাল্টাপাল্টি অবস্থানের ভেতর দিয়ে যাচ্ছে। কিন্তু একটি দলের ভেতরের মতপার্থক্য যখন জনসম্মুখে কাদা ছোড়াছুড়ির রূপ নেয়, তখন ক্ষতিগ্রস্ত হয় পুরো রাজনৈতিক সংস্কৃতি। রাজনীতি কখনোই ব্যক্তিগত প্রতিহিংসা, গুজব বা অর্থসর্বস্ব প্রভাবের ওপর দাঁড়াতে পারে না।

## কাজিপুর সীমান্তে পতাকা বৈঠকের

(প্রথম পৃষ্টার পর)
কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার মীরডাঙ্গা গ্রামের সুমনা (২১); রাজবাড়ী সদর উপজেলার উদয়পুর গ্রামের মাহফুজুর রহমান ইমরান (২২); সিরাজগঞ্জ সদর উপজেলার দেলুয়া গ্রামের মারুফা খাতুন (১৬); বাগেরহাট জেলার মোড়লগঞ্জ উপজেলার চর হগলাবুনিয়া এলাকার নুরজাহান বেগম (৪৮) ও তার মেয়ে রুপি বেগম (১৮), রেশমা আক্তার (১৭); একই এলাকার মিন্টু শেখের ছেলে মিরাজ শেখ (২১) এবং আনোয়ার শেখের ছেলে রফিক শেখ (২০)। পতাকা বৈঠকে বাংলাদেশ বিজিবির পক্ষ থেকে নেতৃত্ব দেন কাজিপুর বিওপি ক্যাম্পের কোম্পানি কমান্ডার সুবেদার শাহাবুদ্দিন, আর ভারতের পক্ষ থেকে উপস্থিত ছিলেন বিএসএফ ক্যাম্পের কোম্পানি কমান্ডার সাব্বিনদার সিং। পরে বিজিবি হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করে সংশ্লিষ্টদের গাংনী থানায় নিয়ে আসে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বনি ইসরাইল বলেন, "আইনি প্রক্রিয়া শেষে হস্তান্তর হওয়া ব্যক্তিদের পরিবারের কাছে পৌঁছে দেওয়া হবে।"

## উপদেষ্টা খলিলুর রহমান

(প্রথম পৃষ্টার পর)
কোনো উপদেষ্টার দিল্লি সফর। এর আগে এ বছরের ফেব্রুয়ারিতে জ্বালানি উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান ভারত সফর করেছিলেন, ইন্ডিয়া এনার্জি উইকে অংশগ্রহণের উদ্দেশ্যে।

## মেহেরপুরে জামায়াতের বিক্ষোভ

(প্রথম পৃষ্টার পর)
মিছিলের নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা জামায়াতের আমীর মাওলানা তাজউদ্দীন খান। পথসভায় তিনি বলেন, "আগামী জাতীয় নির্বাচনের আগে গণভোট আয়োজন করতে হবে। গণভোট ছাড়া জুলাই সনদ পাস না হলে নির্বাচনের গ্রহণযোগ্যতা নিয়ে জনগণের মনে প্রশ্ন থেকেই যাবে। সুষ্ঠু ও লেভেল প্লেয়িং নির্বাচন নিশ্চিত করতে গণভোট জরুরি।"
তিনি আরও বলেন, সারা দেশে ঘোষিত কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা জামায়াত আজকের বিক্ষোভ মিছিল আয়োজন করেছে। গণভোটের ভিত্তিতেই যথাসময়ে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হওয়া প্রয়োজন বলে তিনি মন্তব্য করেন। মিছিলে জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, গাংনী-২ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা সুরা সদস্য মোহাম্মদ নাজমুল হুদা, গাংনী উপজেলা আমীর ডা. রবিউল ইসলাম, শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমীর মাওলানা খান জাহান আলী, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলাম, মুজিবনগর উপজেলা সেক্রেটারি খাইরুল বাশার, ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি আব্দুস সালাম ও কানন শিল্পী গোষ্ঠীর পরিচালক আব্দুল জব্বারসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা অংশ নেন। মিছিলকে ঘিরে শহরের বিভিন্ন এলাকায় সাময়িক সময়ের জন্য যানবাহন চলাচলে ব্যাঘাত সৃষ্টি হয়। মিছিল শেষে শান্তিপূর্ণভাবে কর্মসূচি সমাপ্ত ঘোষণা করা হয়।

## মেহেরপুর-২ (গাংনী): শাপলা কলি

(প্রথম পৃষ্টার পর)
প্রতীকে দলীয় মনোনয়ন পেয়েছেন। গত বৃহস্পতিবার গভীর রাতে তিনি ফেসবুকে এ তথ্য জানান।সাকিল আহমেদ ফেসবুকে জানান, "আজ আমি মনোনয়ন ফরম জমা দিয়েছি। এটি শুধু একটি কাগজের ফরম নয়, এটি মানুষের পাশে থাকার, ন্যায় ও নীতির পথে কাজ করার এবং এলাকার উন্নয়নের ধারাকে আরও শক্তিশালী করার অঙ্গীকার।"
তিনি আরও বলেন, রাজনীতি মানে সুযোগ নয়, দায়িত্ব; সেই দায়িত্ব পালনের জন্যই আজকের পদক্ষেপ। অ্যাডভোকেট সাকিল বর্তমানে এনসিপি সমর্থিত আইনজীবীদের সংগঠন ন্যাশনাল ল'ইয়ার্স অ্যালায়েন্সের মুখ্য সংগঠক এবং সহকারী অ্যাটর্নি জেনারেল পদমর্যাদার স্পেশাল পাবলিক প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়া তিনি মেহেরপুর জেলার প্রধান সমন্বয়কারীর দায়িত্বেও রয়েছেন। এ আসনে প্রতিদ্বন্দ্বিতা করবেন বিএনপির সাবেক এমপি আমাজাদ হোসেন এবং জামাতের সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা। স্থানীয় রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, সাকিল আহমেদের যুবসমর্থন এবং সামাজিক কর্মকাণ্ড তাকে নির্বাচনী মাঠে শক্তিশালী প্রার্থী হিসেবে প্রমাণ করতে সাহায্য করতে পারে। নির্বাচনী প্রস্তুতি শুরু হওয়ায় মেহেরপুর-২ (গাংনী) এলাকায় রাজনৈতিক উত্তেজনা বাড়তে শুরু করেছে। ভোটাররা এখন প্রার্থীদের কার্যক্রম ও প্রতিশ্রুতির দিকে নজর রাখছেন।

## গাংনী করমদি ভ্রমরদহে অবৈধ মাটি

(প্রথম পৃষ্টার পর)
সড়ক ও আশপাশের জমির জন্যও এটি একটি বড় ঝুঁকি তৈরি করছে। বিশেষ করে বর্ষা মৌসুমে নদী-খালের পানি বেড়ে গেলে এই খালি ও দুর্বল মাটি ধসে পড়ে সড়ক ও জনপদ ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা প্রবল। স্থানীয়রা ইতিমধ্যেই ঊর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। তাদের দাবি, দ্রুত বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে, যাতে ভবিষ্যতে বড় ধরনের দুর্ঘটনা এড়ানো যায়। এদিকে, এলাকাবাসী আরও আশঙ্কা প্রকাশ করেছেন, যদি যথাযথ ব্যবস্থা না নেওয়া হয়, তবে শুধু সড়ক নয়, আশেপাশের ফসলি জমি ও স্থানীয় বাসিন্দাদের জীবন ও সম্পদও ঝুঁকির মুখে পড়তে পারে। স্থানীয় কর্মকর্তাদের কাছে এ বিষয়ে দ্রুত পদক্ষেপ আশা করছে জনগণ, যাতে পরিবেশ ও মানুষের নিরাপত্তা রক্ষা করা যায়।

## আমীর খসরু

(প্রথম পৃষ্টার পর)
যা সম্ভব একটি সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে। জনগণ ভোটের মাধ্যমে তাদের প্রতিনিধি ও সরকার নির্বাচন করার অধিকার চাইছে। গত ১৫১৬ বছর ধরে এই সুযোগ মানুষ পাননি।" তিনি আরও বলেন, নির্বাচিত সরকারের মাধ্যমে দেশের সাংবিধানিক, অর্থনৈতিক ও সামাজিক সমস্যা সমাধান সম্ভব। জনগণের নির্বাচিত প্রতিনিধি ও সরকারের মাধ্যমেই সমস্যাগুলো সমাধান হবে; এর বাইরে কোনো সরকার তা করতে পারবে না। বিএনপির নেতা উল্লেখ করেন, দেশে আইনশৃঙ্খলা বজায় রাখা কোনও রাজনৈতিক দলের দায়িত্ব নয়, বরং তা আইনশৃঙ্খলা বাহিনীর কাজ। তিনি বলেন, "আমাদের সেই কালচার থেকে ধীরে ধীরে বেরিয়ে আসতে হবে। বিচার করার দায়িত্বও বিচার বিভাগের ওপরই আছে। আমরা ইতিমধ্যেই একটি নিরপেক্ষ বিভাগ পেয়েছি, যা আগামীতে আরও প্রাতিষ্ঠানিক গ্রাউন্ড পাবে।" বিদেশিদের কাছে লালদিয়া চর দেওয়ার বিষয়ে প্রশ্নের জবাবে তিনি বলেন, বর্তমানে সরকারের দৃষ্টি রাজনৈতিক ট্রানজিশন ও নির্বাচনের দিকে, যা মূল ফোকাস। গণভোটের বিষয়ে তিনি জানান, বিএনপি রাজি আছে। তবে ভোটের অপশন ও ফলাফল সংক্রান্ত সিদ্ধান্ত জনগণের হাতে, বিএনপি নির্ধারণ করবে না। "আমরা নির্বাচনের দিকে মনোযোগ দিচ্ছি, গণতন্ত্র ফিরিয়ে আনার দিকে দৃষ্টি রাখছি। এটিই এখন প্রধান লক্ষ্য।"

# তরুণদের নৈতিক সঙ্কট: মেহেরপুরের বাস্তবতার আলোকে

রাব্বি আহমেদ

কৈশোর হলো মানুষের পরিচয় গঠনের সবচেয়ে সংবেদনশীল সময়।



মনোবিজ্ঞানী এরিকসনের মতে, এ বয়সে দিকনির্দেশনার অভাব তরুণদের বিভ্রান্ত করতে পারে। সাম্প্রতিক সময়ে মেহেরপুরেও এই বাস্তবতা ক্রমেই স্পষ্ট হয়ে উঠছে, যেখানে পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় কাঠামোর দুর্বলতা তরুণদের নৈতিক সঙ্কটকে গভীর করছে। মেহেরপুরের পারিবারিক মূল্যবোধ একসময় ছিল দৃঢ়। আজ সেই বন্ধন শিথিল হয়েছে। অভিভাবকরা সময় দিতে না পারায় সন্তানদের মানসিক শূন্যতা বাড়ছে। এই শূন্যতা পূরণ করছে বিদেশি সংস্কৃতি, অন্ধ অনুকরণ আর সামাজিক যোগাযোগমাধ্যম। ডিজিটাল প্ল্যাটফর্মে আসক্তি তরুণদের আচরণ ও চিন্তা-চেতনায় গভীর প্রভাব ফেলছে। অনেক শিক্ষার্থী এখন বাস্তব লক্ষ্য ভুলে ভার্চুয়াল 'হিরো'দের অনুসরণেই বেশি ব্যস্ত। লাইকুভিউয়ের প্রতিযোগিতা তাদের জীবনের উদ্দেশ্যকেও ছাপিয়ে যাচ্ছে। অন্যদিকে, সমাজে অপরাধী বা অসৎ ব্যক্তিরা অনেক সময় সুবিধা ভোগ করলে কিশোররা বিভ্রান্ত হয়। হিরোইজমের প্রবণতা তাদের ভুল নায়কের প্রতি আকৃষ্ট করে। মেহেরপুরের কিছু এলাকায় মোটরসাইকেল রেসিং, গ্রুপিং বা কিশোর গ্যাংসংস্কৃতির বিস্তার এ সমস্যারই প্রতিফলন। সামাজিক প্রতিযোগিতা ও প্রদর্শনবাদ তরুণদের মানসিক চাপ বাড়িয়ে তুলছে। শিক্ষাব্যবস্থাও নৈতিকতার ঘাটতিতে ভুগছে। কোচিং, নম্বর ও পরীক্ষামুখী পড়ালেখা শিক্ষার্থীদের মানবিকতা, সৃজনশীলতা ও জীবনদর্শন থেকে দূরে ঠেলে দিচ্ছে। শিক্ষকুশিক্ষার্থী সম্পর্কেও আগের মতো আন্তরিকতা নেই। ফলে পড়াশোনার উদ্দেশ্য নিয়েই তরুণদের মধ্যে বিভ্রান্তি দেখা দিচ্ছে। অর্থনৈতিক বাস্তবতাও তরুণদের হতাশার উৎস। মেহেরপুরে চাকরি ও ব্যবসার সুযোগ সীমিত। বেকারত্ব ও অনিশ্চয়তা তাদের মানসিক স্থিতি নষ্ট করছে। রাজনীতিতেও তরুণরা অনেক সময় ব্যবহার হয় হাতিয়ার হিসেবে, নেতৃত্ব তৈরির পরিবেশ সেখানে অনুপস্থিত। তবুও আশা আছে। মেহেরপুরের অনেক তরুণ উদ্যোক্তা, প্রযুক্তিনির্ভর কর্মী, সামাজিক সংগঠক ও পরিবেশসেবী হিসেবে পথ তৈরি করছে। তারা প্রমাণ করছে–সঠিক সুযোগ ও দিকনির্দেশনা পেলে তরুণরাই হতে পারে সমাজ পরিবর্তনের মূল শক্তি। তাই তরুণদের নৈতিক পুনর্জাগরণে পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, সমাজ ও রাষ্ট্রকে এখনই একসঙ্গে কাজ করতে হবে। মূল্যবোধ, মানবিকতা ও দায়িত্ববোধের চর্চাই পারে মেহেরপুরের তরুণদের সুপথে ফিরিয়ে আনতে–যা ভবিষ্যতের বাংলাদেশকে করবে আরও দৃঢ়, নৈতিক ও মানবিক।

# ইসলামে নারীর অধিকার: ন্যায়, দায়িত্ব ও সম্পদের ভারসাম্য

মাহমুদ হাসান ফাহিম

র্তমান সময়ে একটি প্রচলিত অভিযোগ হলো–'ইসলামে নারীরা উত্তরাধিকার থেকে বঞ্চিত। পুরুষের অংশ নারীর দ্বিগুণ, তাই এটি অন্যায়'। তবে বাস্তবতা সম্পূর্ণ ভিন্ন। ইসলাম নারীর প্রতি কখনো অবিচার করেনি। বরং এটি নারীর সম্মান, নিরাপত্তা ও অর্থনৈতিক স্বাধীনতা নিশ্চিত করেছে। ইসলামে উত্তরাধিকার বা মীরাছ এমনভাবে সাজানো হয়েছে, যা সমাজে অসন্তোষ নয়, বরং ঐক্য ও ন্যায়ের বীজ বপন করে। ইসলামের এই ব্যবস্থা: ধনীকে মনে করায় দায়িত্ব, গরিবকে দেয় অধিকার, পুরুষকে শেখায় ত্যাগ, নারীর হাতে দেয় নিরাপত্তা। কুরআনে আল্লাহ তাআলা বলেন: "আল্লাহ তোমাদের সন্তানদের বিষয়ে নির্দেশ দেন–ছেলের জন্য রয়েছে দুটি কন্যার সমান অংশ।" অনেকে এটিকে 'বৈষম্য' মনে করেন, কিন্তু বাস্তবে এটি পুরুষের অতিরিক্ত দায়িত্বের প্রতিফলন। পুরুষের দ্বিগুণ অংশ আসলে তার দায়িত্বের প্রমাণ। ইসলাম অনুযায়ী পুরুষের দায়িত্ব: স্ত্রী ও সন্তানদের পূর্ণ খরচ চালানো, মহর প্রদান ও পরিবারের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ। কুরআনে আল্লাহ বলেন: "পুরুষ নারীদের ক্ষণাবেক্ষণকারী, কারণ আল্লাহ তাদের একে অপরের উপর কিছু গুণে শ্রেষ্ঠ করেছেন এবং তারা তাদের সম্পদ ব্যয় করে।" ইসলাম নারীর হাতে পূর্ণ অর্থনৈতিক স্বাধীনতা রেখেছে। নারী যা উপার্জন করে বা উত্তরাধিকার সূত্রে পায়, তা সম্পূর্ণ তার নিজস্ব।স্বামী, পিতা বা ভাই–কেউই তার সম্পদে অধিকারী নয়। নারী চাইলে সম্পদ খরচ, দান বা সঞ্চয় করতে পারে। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: "তুমি তোমার সম্পদ থেকে তোমার এবং তোমার সন্তানের জন্য যথাযথ ব্যয় করো।" সাধারণ ধারণার বিপরীতে, নারী সবসময় পুরুষের অর্ধেক অংশ পান না। কুরআনে অন্তত ৩৪টি ভিন্ন পরিস্থিতি বর্ণিত আছে: কখনও নারী সমান অংশ পান, কখনও বেশি অংশ পান, কখনও একাই সম্পূর্ণ উত্তরাধিকারী হন। উদাহরণস্বরূপ: একজন মা যদি মৃত সন্তানের একমাত্র উত্তরাধিকারী হন, তিনি এক-তৃতীয়াংশ পান। কোনো পুরুষ উত্তরাধিকারী না থাকলে নারী সম্পূর্ণ সম্পদের অধিকারী হতে পারেন। ইসলামের আগ পর্যন্ত আরব সমাজে নারীর উত্তরাধিকার ছিল অপ্রচলিত। কুরআনে আল্লাহ তাআলা ঘোষণা করেন: "পিতা-মাতা ও আত্মীয়রা যা রেখে যান, তাতে পুরুষদের যেমন অংশ রয়েছে, তেমনি নারীরও নির্দিষ্ট অংশ রয়েছে–অল্প হোক বা বেশি।" এটি নারীর অর্থনৈতিক অধিকার প্রতিষ্ঠার এক ঐতিহাসিক ঘোষণা। ইসলাম নারীর সম্মান, মর্যাদা ও নিরাপত্তা নিশ্চিত করেছে। পুরুষের দ্বিগুণ অংশ বৈষম্য নয়, বরং দায়িত্বের ভারসাম্যের প্রতিফলন। পরিবারে ন্যায়, সহযোগিতা ও ভালোবাসা প্রতিষ্ঠা করে। নারী তার সম্পদে নিরাপদ, পুরুষ তার দায়িত্বে সম্মানিত। ফলত, ইসলামিক উত্তরাধিকার ব্যবস্থা একটি ন্যায়সঙ্গত, দায়িত্বমুখী ও মানবিক দৃষ্টান্ত, যা পরিবার ও সমাজে শান্তি ও সমতা বজায় রাখে।

## স্বপ্নছুঁই শিশু পার্কে ফটোস্ট্যান্ড

(প্রথম পৃষ্টার পর)
ছিলেন পৌর প্রশাসক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ খায়রুল ইসলাম, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল ইসলাম, সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) সাইদুর রহমান সহ অন্যান্য সরকারি কর্মকর্তা।

## ক্যাপ্টেন আবু মোহাম্মদ সালেহ শুভ

(প্রথম পৃষ্টার পর)
করছেন। তাঁর সমুদ্রজীবনে বিশ্বের প্রায় ৩০টি জাহাজে অভিজ্ঞতা রয়েছে; এগুলোর মধ্যে আছে কার্গো, ট্যাংকার, বাল্ক ক্যারিয়ার ও কনটেইনারসহ নানা ধরণের নৌযান। বর্তমানে তিনি একটি জাপানি কোম্পানির সঙ্গে যুক্ত আছেন এবং সম্প্রতি 'মাস্টার মেরিনার অ্যাসোসিয়েট ফেলো অফ নটিক্যাল ইনস্টিটিউট (লন্ডন)' উপাধি অর্জন করেছেন। এক প্রশ্নের উত্তরে ক্যাপ্টেন শুভ বলেন, "সমুদ্রের প্রতিটি ঢেউ আমার কাছে নতুন এক পাঠ। ঝড়, রিফ, হারিকেন–এসব শুধু ভয় নয়, বরং প্রতিদিনের সংগ্রাম থেকে শেখার সুযোগ। সমুদ্র আমাকে শিখিয়েছে কীভাবে শান্ত থাকতে হয়, কীভাবে সংকটের মধ্যে সঠিক সিদ্ধান্ত নিতে হয়।" তিনি বারমুডা ট্রায়াঙ্গেল বা 'শয়তানের ত্রিভুজ'-কে শুধু রহস্য হিসেবে দেখেন না, বরং এটি প্রযুক্তি ও মানসিক প্রস্তুতির বাস্তব উদাহরণ হিসেবে তুলে ধরেন। বিশ্বের নানা বন্দরে নোঙর ফেলে তিনি দেখেছেন মানুষ, সংস্কৃতি ও জীবনযাত্রার বৈচিত্র?্য, তবে হৃদয়ে সবচেয়ে প্রিয় রয়ে গেছে নিজ শহর মেহেরপুর। তিনি বলেন, "আমি যতই দেশ ঘুরি, বাংলার মাটির গন্ধ ও মেহেরপুরের মানুষের ভালোবাসা আমার জীবনের স্থায়ী নোঙর।" মেহেরপুর জাতীয়তাবাদী বিএনপির সাবেক সহ-সভাপতি ইলিয়াস হোসেনের সন্তান ক্যাপ্টেন শুভ তার অভিজ্ঞতার ভাণ্ডার থেকে নতুন প্রজন্মকে অনুপ্রেরণা দিতে চান। তিনি বিশ্বাস করেন, "যে মানুষ সমুদ্রকে ভয় পায় না, সে জীবনের ঝড়কেও জয় করতে পারে।" আগামী পর্বে থাকছে তাঁর সমুদ্রযাত্রার ভয়াবহ অভিজ্ঞতা, বিশ্ববন্দরগুলোর অজানা গল্প, প্রযুক্তি নির্ভর নাবিক জীবনের নতুন দিগন্ত এবং যুবসমাজের জন্য প্রেরণামূলক বার্তা।

## নুসরাত তাবাসসুম এবার কুষ্টিয়া-১

(প্রথম পৃষ্টার পর)
থাকলেও মাত্র এক বছর ধরে তিনি জাতীয় রাজনীতির সঙ্গে যুক্ত। নানা সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও দীর্ঘ চিন্তাভাবনার পর নির্বাচনে প্রার্থী হওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। তিনি লিখেছেন, "আমি জানি আমি দেশকে, আমার জনপদকে কী দিতে পারব। শুভাকাঙ্ক্ষীদের কাছে দোয়া ও সমর্থন চাই।" রাজনৈতিক সংগ্রামের অভিজ্ঞতা তুলে ধরে তিনি আরও উল্লেখ করেন, "আমরা যারা স্বপ্ন নিয়ে এখানে এসেছিলাম, দিনের পর দিন রাস্তাকে ঘরবাড়ি বানিয়ে টিকে গেছি, স্বৈরাচারের বিরুদ্ধে কাঁধে কাঁধ মিলিয়েছি–তাদের দিকনির্দেশনা চাই। সবাই দোয়ায় রাখবেন।" এদিকে কুষ্টিয়া-১ আসনে বিএনপির পক্ষ থেকে ইতোমধ্যে তিনবারের সাবেক সংসদ সদস্য রেজা আহমেদ বাচ্চু দলীয় মনোনয়ন পেয়েছেন। স্থানীয় রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এই আসনে প্রতিদ্বন্দ্বিতা কড়া প্রতিযোগিতামূলক হতে যাচ্ছে।

## বিচারকদের দুই দফা দাবি না মানলে

(প্রথম পৃষ্টার পর)
রহমানের বাসভবনে বৃহস্পতিবার রাতে ছুরিকাঘাতে তার ১৪ বছর বয়সী ছেলে তাওসিফ রহমান সুমনের মর্মান্তিক হত্যাকাণ্ড ও বিচারকের স্ত্রী তাসমিন নাহারের আহত হওয়ার ঘটনায় বিচারক সমাজ গভীরভাবে মর্মাহত ও ক্ষুব্ধ। এই ঘটনাকে কেন্দ্র করে বিচারকদের নিরাপত্তা নিশ্চিতে অবহেলা এবং গ্রেপ্তার আসামিকে আইন বহির্ভূতভাবে মিডিয়ার সামনে উপস্থাপন করে অপেশাদার আচরণের অভিযোগে সংশ্লিষ্ট পুলিশ সদস্যদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণেরও দাবি জানানো হয়েছে। বিবৃতিতে আরও বলা হয়, দেশের আদালত, ট্রাইব্যুনাল, এজলাস, বিচারকদের সরকারি আবাসন, বাসভবন ও যানবাহনে নিরাপত্তা নিশ্চিত করতে সুপ্রিম কোর্ট থেকে সরকারের কাছে একাধিকবার চিঠি পাঠানো হলেও কার্যকর কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। ফলে বিচার বিভাগের সদস্যরা ঝুঁকিপূর্ণ দায়িত্ব পালন করেও নিরাপত্তাহীনতায় ভুগছেন। জেলা পর্যায়ে অধিকাংশ বিচারকের সরকারি আবাসন ও পরিবহন সুবিধা নেই। চৌকি আদালতের বিচারকদের অরক্ষিত বাসায় ভাড়া থাকতে হয় এবং গণপরিবহন, রিকশা বা হেঁটে যাতায়াত করতে হয়–যা নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ। অ্যাসোসিয়েশন জানিয়েছে, আগামী ৪৮ ঘণ্টার মধ্যে বিচারকদের কর্মপরিবেশ ও সার্বিক নিরাপত্তা নিশ্চিত না হলে রোববার থেকে দেশের সব বিচারক কলমবিরতি পালন করবেন। একইসঙ্গে সেদিন সব বিচারক নিজ নিজ কর্মস্থলে কালো ব্যাজ ধারণ করবেন।

## আবারও জেলা প্রশাসক বদল

(প্রথম পৃষ্টার পর)
তিনি বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড, প্রশাসনিক কার্যক্রম ও স্থানীয় জনগণের সহযোগিতার কথা স্মরণ করেন। নতুন জেলা প্রশাসক দ্রুতই দায়িত্ব গ্রহণ করবেন বলে জানা গেছে। হঠাৎ পরপর দুইবার ডিসি বদলি হওয়ায় স্থানীয় প্রশাসনসহ জেলার বিভিন্ন মহলে নানা আলোচনা চলছে।

## চুয়াডাঙ্গায় শীতের তীব্রতা, দেশের

(প্রথম পৃষ্টার পর)
সকাল ৯টার সময় তাপমাত্রা ১৪ ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসের আর্দ্রতা ছিল ৭৬ শতাংশ।

## চুয়াডাঙ্গায় বিএনপির কার্যালয়ের

(প্রথম পৃষ্টার পর)
সেগুলো উদ্ধার করে বালিতে রাখে। জেলার অতিরিক্ত পুলিশ সুপার জামাল আল নাসের বিষয়টি নিশ্চিত করেছেন।

## গাংনীতে প্রধান শিক্ষক ও শিক্ষার্থীর

(প্রথম পৃষ্টার পর)
কর্তৃক শিক্ষার্থীর সঙ্গে এমন আচরণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। শিক্ষা প্রতিষ্ঠানের মতো সংবেদনশীল স্থানে দায়িত্বশীল পদে থাকা ব্যক্তির কাছ থেকে শিক্ষার্থীরা নিরাপত্তা, নৈতিকতা ও সঠিক দিকনির্দেশনা পাওয়ার কথা। কিন্তু এ ঘটনায় স্থানীয় শিক্ষাঙ্গনের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ন হয়েছে বলে মন্তব্য তাদের। অভিভাবকরাও ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তারা বলেন, সন্তানদের জন্য নিরাপদ পরিবেশ নিশ্চিত করা শিক্ষক সমাজের দায়িত্ব। একজন শিক্ষকের নৈতিক অবক্ষয় গোটা প্রতিষ্ঠানের ওপর আঘাত হানে। অভিভাবকদের দাবি–ঘটনাটি তদন্তের আওতায় এনে দোষী প্রমাণিত হলে কঠোর শাস্তি নিশ্চিত করতে হবে। ঘটনায় অভিযুক্ত প্রধান শিক্ষক রাজু আহমেদের মুঠোফোনে একাধিকবার কল দেওয়া হলেও তিনি ফোন ধরেননি। গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মনিরুল ইসলাম বলেন, "এ ঘটনায় এখনো কোনো লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।" গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন বলেন, "বিষয়টি আমার জানা নেই। কেউ লিখিত অভিযোগ করলে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।"

## চাঁদা না দিলে ভিডিও ভাইরালের

(প্রথম পৃষ্টার পর)
হয়ে পড়ে এবং কান্নাকাটি করতে থাকে। টাকা নিয়ে প্রেমিক যখন আবার ঘটনাস্থলে ফিরে যান, তখন তিনি তার প্রেমিকাকে কান্নাকাটি অবস্থায় দেখতে পান। মেয়েটি তখন তাকে পুরো ঘটনা জানায়। প্রেমিক বিষয়টি স্থানীয় কয়েকজনকে জানালে গ্রামবাসী ছুটে এসে প্রেমিক-প্রেমিকাকে উদ্ধার করে। পরে তাদের বাড়িতে পাঠানো হয়। বৃহস্পতিবার রাত ৯টার দিকে ভুক্তভোগী নিজেই বাদী হয়ে মেহেরপুর সদর থানায় তিন যুবকের বিরুদ্ধে ধর্ষণ মামলা দায়ের করেন। মামলার পরপরই পুলিশ অভিযান চালিয়ে রাতেই আশরাফুল ও রাকিবুলকে গ্রেপ্তার করে। পলাতক মিনারুলের অবস্থান শনাক্তে পুলিশ একাধিক জায়গায় অভিযান চালাচ্ছে বলে জানিয়েছে। শুক্রবার দুপুরে ধর্ষণের শিকার কলেজছাত্রীর মেডিকেল পরীক্ষাও সম্পন্ন হয়েছে। পুলিশ জানায়, ঘটনাটির প্রতিটি বিষয় খতিয়ে দেখা হচ্ছে এবং ভুক্তভোগীর নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। সদর থানার ওসি (অপারেশন) জাহাঙ্গীর সেলিম বলেন,
"ঘটনাটি অত্যন্ত ভয়াবহ এবং নৃশংস। ভুক্তভোগী নিজেই মামলা করেছেন। দুইজনকে আমরা গ্রেপ্তার করেছি। পলাতক মিনারুলকে আটকের জন্য অভিযান চলমান রয়েছে। ভুক্তভোগীর ডাক্তারি পরীক্ষা সম্পন্ন হয়েছে। গ্রেপ্তারকৃতদের আজ আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে।"
ঘটনাটি জানাজানি হওয়ার পর রাজাপুর ও আশপাশের গ্রামগুলোতে ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। সামাজিকমাধ্যমেও এ ঘটনাটি নিয়ে ক্ষোভ প্রকাশ করছেন অনেকেই। এলাকাবাসীর দাবি–অভিযুক্তদের কঠোর শাস্তি নিশ্চিত করতে হবে।

# ফেব্রুয়ারির নির্বাচন নিয়ে কোনো ধোঁয়াশা নেই: নুর

সূর্যোদয় প্রতিবেদন

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর বলেছেন, প্রধান উপদেষ্টার ভাষণের পর আগামী ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন নিয়ে আর কোনো ধোঁয়াশা নেই। শুক্রবার (১৪ নভেম্বর) সকালে রাজধানীর বিজয়নগরে গণঅধিকার পরিষদের আনুষ্ঠানিক প্রতিক্রিয়ায় তিনি এ মন্তব্য করেন।
নুর বলেন, "জাতীয় নির্বাচন ও গণভোট একই দিনে করার উদ্যোগকে আমরা স্বাগত জানাই।" তিনি আরও বলেন, "জুলাই সনদ কীভাবে বাস্তবায়ন হবে, তা নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে বিভাজন এবং ভিন্ন মত তৈরি হয়েছিল। এটি জাতীয় নির্বাচনকে অনিশ্চিত করেছিল। প্রধান উপদেষ্টার ভাষণে সেই সংশয় অনেকাংশে দূর হয়েছে। এখন রাজনৈতিক দলগুলোর উচিত সরকারকে সহযোগিতা করা।" নুর সতর্ক করে বলেন, "নির্বাচন বানচালে শেখ হাসিনার দোসররা দেশজুড়ে নাশকতা চালাচ্ছে। তাই সব দলকে সজাগ ও সতর্ক থাকতে হবে।"

# ত্রিদেশীয় সিরিজে অংশ নেবে না পাকিস্তান

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ডিসেম্বরে শ্রীলঙ্কা ও পাকিস্তানকে নিয়ে বাংলাদেশে টি-টোয়েন্টি ত্রিদেশীয় সিরিজ আয়োজনের পরিকল্পনা করেছিল বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। তবে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) সেই প্রস্তাব ফিরিয়ে দিয়েছে। বিশ্বকাপ টি-টোয়েন্টিকে সামনে রেখে সিরিজ আয়োজনের চেষ্টা করলেও খেলোয়াড়দের বিশ্রাম এবং ব্যস্ত সূচি বিবেচনায় পাকিস্তান এতে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। পিসিবির এক কর্মকর্তা জানান, ডিসেম্বর-জানুয়ারিতে পাকিস্তানের কোনো আন্তর্জাতিক সিরিজ না থাকলেও খেলোয়াড়দের ফ্র?্যাঞ্চাইজি লিগে অংশগ্রহণের অনুমতি আগে থেকেই দেওয়া ছিল। বাবর আজম, মোহাম্মদ রিজওয়ান, শাহীন শাহ আফ্রিদি, হারিস রউফ ও শাদাব খান অস্ট্রেলিয়ার বিগ ব্যাশ লিগে (বিবিএল) খেলবেন। ফখর জামান এমিরেটস ইন্টারন্যাশনাল লিগে অংশ নিচ্ছেন। এজন্য ত্রিদেশীয় সিরিজে অংশ নেওয়া সম্ভব হয়নি। পিসিবি আরও জানিয়েছে, ২০২৬ সালের ফেব্রুয়ারি থেকে পাকিস্তান দলের ব্যস্ত সূচি শুরু হচ্ছে। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের বিভিন্ন টেস্ট সিরিজ এবং পাকিস্তান সুপার লিগ (পিএসএল) থাকায় খেলোয়াড়দের পর্যাপ্ত বিশ্রাম ও প্রস্তুতি নিশ্চিত করাই তাদের অগ্রাধিকার। এদিকে, পাকিস্তান না খেলার বিষয়ে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এখন পর্যন্ত কোনো বক্তব্য দেয়নি।

# পশ্চিম গোলার্ধে নতুন সামরিক অভিযানের ঘোষণা যুক্তরাষ্ট্রের

সূর্যোদয় প্রতিবেদন

মাদকুসন্ত্রাসীদের বিরুদ্ধে লড়াই জোরদার করতে পশ্চিম গোলার্ধে নতুন সামরিক অভিযানের ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। বৃহস্পতিবার (১৪ নভেম্বর) মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ তার এক্স (ঢ) হ্যান্ডেলে 'অপারেশন সাদার্ন স্পিয়ার' শীর্ষক এ অভিযানের ঘোষণা দেন। হেগসেথ বলেন, "আজ আমি অপারেশন সাদার্ন স্পিয়ারের কথা ঘোষণা করছি। সাদার্ন স্পিয়ার এবং সাদার্ন কমান্ডের যৌথ পরিচালনায় এই অপারেশন আমাদের দেশকে রক্ষা করবে, আমাদের গোলার্ধকে মাদকমুক্ত করবে এবং যুক্তরাষ্ট্রে মাদকজনিত মৃত্যুর প্রবাহ বন্ধ করবে।" যুক্তরাষ্ট্রের সাদার্ন কমান্ড মধ্য আমেরিকা, লাতিন আমেরিকা এবং ক্যারিবীয় অঞ্চলের নিরাপত্তা দায়িত্বে নিয়োজিত। দীর্ঘদিন ধরেই ওয়াশিংটন এসব অঞ্চলে মাদক কারবার ও চোরাচালানের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়ে আসছে। মার্কিন প্রশাসন জানিয়েছে, 'মাদকের বিরুদ্ধে লড়াইয়ে যুক্তরাষ্ট্র কোনোভাবেই পিছু হটবে না।' সাম্প্রতিক সময়ে ভেনেজুয়েলার সঙ্গে উত্তেজনা বেড়েছে যুক্তরাষ্ট্রের। মাদকবিরোধী যুদ্ধের অংশ হিসেবে দেশটির বেশ কয়েকটি নৌযানে যুক্তরাষ্ট্র হামলা চালিয়েছে বলে জানা গেছে। দুই দেশের মধ্যে ইতোমধ্যে মুখোমুখি পরিস্থিতি তৈরি হয়েছে। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী হেগসেথের ঘোষণার মাধ্যমে মাদকুসন্ত্রাসী দমন অভিযানে নতুন অধ্যায় শুরু হলো বলে ধারণা করছেন বিশ্লেষকেরা।

# বিহার বিধানসভা নির্বাচন: ভোট গণনায় এগিয়ে বিজেপির জোট

সূর্যোদয় প্রতিবেদন

বিহারের বিধানসভা নির্বাচনের ভোট গণনায় নীতীশ কুমারের নেতৃত্বে জেডিইউ এককভাবে সবচেয়ে বড় দল হিসেবে এগিয়ে রয়েছে। সকাল ৯টা ৫৬ মিনিট পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী, ১০১টি আসনের মধ্যে ৭৬টিতে জেডিইউ এগিয়ে। সহযোগী দল বিজেপিও শক্ত অবস্থানে রয়েছে এবং ৬৯টি আসনে এগিয়ে। মোট মিলিয়ে এনডিএ জোটের আসন সংখ্যা ১৬০ ছাড়িয়ে গেছে। এই প্রবণতা বজায় থাকলে জোট সরকার গঠন করতে সক্ষম হবে সহজে। বিরোধী শিবিরে আরজেডি ৫৯টি এবং কংগ্রেস ১৬টি আসনে এগিয়ে রয়েছে। প্রচারমাধ্যমে আলোচিত প্রশান্ত কিশোরের জন সুরাজ পার্টি মাত্র দুটি আসনে এগিয়ে রয়েছে। জেডিইউ-র এই ফলাফল দেখাচ্ছে, দুই দশক ক্ষমতায় থাকার পরও নীতীশ কুমারের জনপ্রিয়তা এবং প্রশাসনিক ভাবমূর্তি এখনও অটুট। এনডিএ জোটে জেডিইউকে তুলনামূলক দুর্বল অংশ মনে করা হলেও, ভোটগণনার এই প্রাথমিক প্রবণতা সেই ধারণাকে প্রমাণ করেছে ভুল। যদি জেডিইউ শেষ পর্যন্ত সবচেয়ে বড় দল হিসেবে উঠে আসে, তবে এটি ২০০5 ও ২০১০ সালের নির্বাচনগুলোর পুনরাবৃত্তি হবে, যখন জেডিইউ স্পষ্টভাবে জোটের প্রধান দল ছিল। যদি নীতীশ কুমার আবার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন, তবে এটি হবে তার দশম শপথগ্রহণ। গত ২০ বছরে রাজনৈতিক অবস্থান পরিবর্তন নিয়ে সমালোচনা থাকলেও এবারের ফলাফল প্রমাণ করছে, তার প্রশাসনিক রেকর্ড জেডিইউ-কে শক্ত ভিত্তি দিয়েছে।

# যুক্তরাষ্ট্রে ১৭ হাজার অভিবাসীর ড্রাইভিং লাইসেন্স বাতিল

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে সম্প্রতি করা এক অডিটে প্রায় ১৭ হাজার অভিবাসীর বাণিজ্যিক ড্রাইভিং লাইসেন্স (সিডিএল) বাতিল করা হয়েছে। অডিটে দেখা গেছে, এসব লাইসেন্স এমন হাজারো অভিবাসীকে দেওয়া হয়েছিল যারা বর্তমানে বৈধভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন না। ট্রাম্প প্রশাসনের অভিবাসন নীতির কঠোরতায় এই সিদ্ধান্ত নতুন রাজনৈতিক বিতর্ক তৈরি করেছে। যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগ জানিয়েছে, ক্যালিফোর্নিয়ার কর্মকর্তারা নিশ্চিত করেছেন যে এসব লাইসেন্স 'বেআইনিভাবে' দেওয়া হয়েছিল এবং সংশ্লিষ্ট চালকদের ৬০ দিনের মধ্যে লাইসেন্স বাতিলের বিষয়টি জানানো হয়েছে। গত আগস্টে ফ্লোরিডায় এক ট্রাকচালক বৈধভাবে অবস্থান না থাকার কারণে তিনজনকে চাপা দিয়ে হত্যার ঘটনায় ট্রাম্প প্রশাসন বাণিজ্যিক ট্রাক ও বাস চালনায় অনিয়মিত অভিবাসীদের নিয়ন্ত্রণ আরও কঠোর করেছে।